



মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড
(এমজিএমসিএল)



(পেট্রোবাংলার একটি কোম্পানী)

মধ্যপাড়া, পার্বতীপুর, দিনাজপুর।

ইনভায়রনমেন্ট এন্ড জিওলজি শাখা

২০২২-২৩ অর্থবছরে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) পরিবীক্ষণ কমিটির ২য় সভার কার্যবিবরণী।

সভাপতি	হাসান মাহমুদুল ইসলাম উপ-মহাব্যবস্থাপক (ভান্ডার)
সভার তারিখ	১৪/১১/২০২২
সভার সময়	বিকাল ২.০০ ঘটিকা
স্থান	কনফারেন্স রুম, এমজিএমসিএল।
উপস্থিতি	সংযুক্ত।

মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড (এমজিএমসিএল)-এর সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) সংক্রান্ত কর্মপরিকল্পনা বাস্তবায়ন, পরিবীক্ষণ ও হালনাগাদকরণের লক্ষ্যে অফিস আদেশ নং-২৮.১৭.০০০০.৬২১.৪৯.০০২.২০.৪৭ তারিখ: ১১ অক্টোবর ২০২২ এর মাধ্যমে পুনর্গঠিত কমিটির সকল সদস্যের উপস্থিতিতে একটি সভা গত ১৪/১১/২০২২ তারিখে এমজিএমসিএল-এর কনফারেন্স কক্ষে অনুষ্ঠিত হয়। সভার শুরুতে সভাপতি ও কমিটির আহ্বায়ক উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় এমজিএমসিএল-এর “সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩” এর বিষয়সমূহের উপর বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়।

২। সভাপতি সভাকে অবহিত করেন যে, মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের অফিসের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২২-২৩ অনুযায়ী ৩-৫ জন কর্মকর্তার সমন্বয়ে কমিটির গঠনের নির্দেশনা রয়েছে। সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২২-২৩ অনুযায়ী ২য় ত্রৈমাসিক সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি অফিস আদেশ নং-২৮.১৭.০০০০.৬২১.৪৯. ০০২.২০.৪৭ তারিখ: ১১ অক্টোবর ২০২২ এর মাধ্যমে পুনর্গঠন করা হয়েছে।

৩। সভাপতি সকল সদস্যবৃন্দকে অবহিত করেন যে, এমজিএমসিএল-এর “সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩” অনুযায়ী ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) হালনাগাদ করার লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে। ২০২২-২৩ অর্থবছরের ২য় প্রান্তিকে এমজিএমসিএল-এর মহাব্যবস্থাপক (ইউজিওএন্ডএম) পদ পুনর্বন্টনসহ ২০২২-২৩ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের আওতায় সেবা সহজীকরণের অংশ হিসেবে মার্কেটিং বিভাগের জন্য “অনলাইন ডিলার প্রতিনিধি নির্বাচন” সেবাটি চিহ্নিত করা হয়েছে, যা সিটিজেন চার্টার-এ অন্তর্ভুক্ত করা যেতে পারে। সভায় উপস্থিত সদস্যবৃন্দের সাথে আলোচনা করতঃ বিদ্যমান সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) প্রয়োজনীয় সংশোধনপূর্বক হালনাগাদকরণের বিষয়ে সকলে একমত পোষণ করেন।

৪। সভাপতি সভায় জানান যে, এমজিএমসিএল-এর প্রধান কার্যালয়ে প্রবেশ পথে যে সিটিজেন চার্টার স্থাপন করা

হয়েছে, তা সকলের দৃষ্টি গোচর হয়না। এমজিএমসিএল হতে সকল সেবা গ্রহীতার দৃষ্টিগোচরের লক্ষ্যে ২০২২-২০২৩ বছরের ২য় ত্রৈমাসিকে সিটিজেন চার্টার হালনাগাদপূর্বক খনি এলাকার উন্মুক্ত স্থানে স্থাপন করার প্রস্তাব পেশ করেন। ব্যবস্থাপক (সাধারণ প্রশাসন) জনাব মোঃ আসাদুজ্জামান বলেন, খনি আঞ্জিনার প্রধান ফটকের প্রবেশ পথে সকলের দৃষ্টি গোচরীভূত হওয়ার লক্ষ্যে উন্মুক্ত স্থানে সুন্দর ও দৃষ্টিনন্দন সিটিজেন চার্টার বোর্ড/ডিজিটাল ব্যানার প্রদর্শন করা যেতে পারে। এমজিএমসিএল-এ খনি এলাকায় প্রবেশের প্রধান ফটকের সন্নিকটে উন্মুক্ত স্থানে সিটিজেন চার্টার স্থাপনের জন্য তিনি আগ্রহ ব্যক্ত করেন।


৫। সভায় বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক) সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) ২য় ত্রৈমাসিকে হালনাগাদপূর্বক ব্যবস্থাপনা পরিচালক মহোদয় বরাবর প্রতিবেদন দাখিল এবং এমজিএমসিএল-এর ওয়েব সাইটে আপলোডের জন্য আইসিটি বিভাগে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

খ) এমজিএমসিএল-এর আওতাধীন দপ্তর/সংস্থা না থাকায় সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যকরভাবে বাস্তবায়নের নিমিত্ত এমজিএমসিএল-এর বিভিন্ন ডিভিশন/ডিপার্টমেন্ট প্রধানদের সাথে ডিসেম্বর ২০২২ মাসের ১ম সপ্তাহে সভা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।

গ) মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের অফিসের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২২-২৩ অনুযায়ী হালনাগাদকৃত সিটিজেন চার্টার সেবা গ্রহীতাগণের সুবিধার্থে খনি এলাকায় প্রবেশের প্রধান ফটকের সন্নিকটে উন্মুক্ত স্থানে প্রদর্শন/স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

৬। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



হাসান মাহমুদুল ইসলাম
উপ-মহাব্যবস্থাপক (ভান্ডার)

স্মারক নম্বর: ২৮.১৭.০০০০.৬২১.৪৯.০০২.২০.৫১

তারিখ: ৭ অগ্রহায়ণ ১৪২৯

২২ নভেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) ব্যবস্থাপনা পরিচালক, মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড
- ২) ব্যবস্থাপক (ক্রয়), ক্রয় শাখা, মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড
- ৩) ব্যবস্থাপক (জিএ), সাধারণ প্রশাসন শাখা, মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড
- ৪) উপ-ব্যবস্থাপক (ইএন্ডজি), ইনভায়রনমেন্ট এন্ড জিওলজি শাখা, মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড
- ৫) উপ-ব্যবস্থাপক (নিরীক্ষা), নিরীক্ষা বিভাগ, মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড



হাসান মাহমুদুল ইসলাম

উপ-মহাব্যবস্থাপক (ভান্ডার)